

প্রেস রিলিজ

২৬ আগস্ট ২০২৩, বঙ্গাবন

=====

মানবিক বঙ্গবন্ধু অসাম্প্রদায়িক চেতনা, অর্থনৈতিক সমতায় বিশ্বাসী ছিলেন: রাষ্ট্রপতি

=====

রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বাঙালি ও বাংলাদেশ একে অপরের পরিপূরক এবং অভিন্ন সত্ত্বা। তিনি বলেন, মানবিক বঙ্গবন্ধু অসাম্প্রদায়িক চেতনা ও অর্থনৈতিক সমতায় বিশ্বাসী ছিলেন।

রাষ্ট্রপতি আজ বঙ্গাবনের দরবার হলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মের ওপর নির্মিত অ্যানিমেশন মুভি 'মুজিব ভাই' প্রদর্শন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে এসব কথা বলেন।

রাষ্ট্রপতি বলেন, বঙ্গবন্ধুর জীবন-কর্ম, ত্যাগ, তিতিক্ষা, সবগুলো মানবীয় গুণাবলীর সমন্বয়ে তিনি ছিলেন একজন অনন্য বাঙালি। বাঙ্গালির স্বাধিকার আন্দোলনের প্রতিটি ধাপেই বঙ্গবন্ধুর গণতান্ত্রিক মূল্যবোধের পরিচয় আমরা পাই। ভাষা আন্দোলন থেকে শুরু করে স্বাধীনতা অর্জন পর্যন্ত সব গণতান্ত্রিক আন্দোলনে তাঁর আত্মপ্রকাশ হয়েছে একজন অসাম্প্রদায়িক চেতনার এবং মানবিক গুণাবলীর সমন্বয়ে একজন অনন্য মানুষ হিসেবে। তিনি বলেন, বঙ্গবন্ধুর চরিত্রের বিভিন্ন নাটকীয়তা, মানবিক গুণাবলী, তাঁর শৈশব ও কৈশোরের মানবিক কর্মকাণ্ড সবকিছুর সমন্বয়ে তিনি ছিলেন এক অনন্য বাঙালি। বঙ্গবন্ধু কতটা অসাম্প্রদায়িক চেতনায় বিশ্বাসী ছিলেন তাঁর প্রমাণ তিনি কলকাতায় দাঙ্গার সময় ও দিয়েছেন, রাষ্ট্রপতি উল্লেখ করেন।

বীর মুক্তিযোদ্ধা রাষ্ট্রপতি বঙ্গবন্ধুর সাথে তাঁর স্মৃতিচারণ করে বলেন, "আমি জাতির পিতাকে নিয়ে গর্ববোধ করি। আমার সৌভাগ্য হয়েছিল ছয়বার ওনার সান্নিধ্য পাওয়ার - দুইবার স্বাধীনতার পূর্বে আর চারবার স্বাধীনতার পরে।"

রাষ্ট্রপতি বলেন, "বঙ্গবন্ধুর সাথে আমার শেষ দেখা হয় ১৯৭৫ সালের জানুয়ারি মাসে।"

"বঙ্গবন্ধু আমাকে বাংলাদেশ কৃষক শ্রমিক আওয়ামীলীগ (বাকশাল) এর সালের পাবনা জেলার যুগ্ম সাধারণ সম্পাদক নির্বাচিত করেছিলেন," তিনি বলেন।

রাষ্ট্রপতি আরো বলেন, অর্থনৈতিক সমতায় বিশ্বাসী বঙ্গবন্ধু মুজিবকে জানতে হলে বাঙালি ও বাংলাদেশের ইতিহাসকে জানতে হবে। এ সময় আইসিটি বিভাগ নির্মিত 'মুজিব ভাই' অ্যানিমেশন মুভি জাতির পিতার জীবন ও কর্ম এবং আমাদের স্বাধীনতা ও মুক্তিসংগ্রামের ইতিহাস সম্পর্কে বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের কাছে তুলে ধরতে সক্ষম হবে বলে রাষ্ট্রপতি আশা প্রকাশ করেন। রাষ্ট্রপতি 'মুজিব ভাই' অ্যানিমেশন মুভিটি "ডিজিটাল বাংলাদেশ" থেকে "স্মার্ট বাংলাদেশে" রূপান্তরের একটি প্রয়াস উল্লেখ করে মুভিটির পরিচালক, প্রযোজক, কলাকুশলীসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি আইসিটি বিভাগ তাদের নতুন নতুন প্রযুক্তির উদ্ভাবন, প্রসার ও ব্যবহারের মাধ্যমে বঙ্গবন্ধু, বাঙালি ও বাংলাদেশের ইতিহাসকে তুলে ধরতে নিরবচ্ছিন্ন প্রয়াস চালাবে এ আশা প্রকাশ করে বলেন, বিশ্ব দরবারে বাংলাদেশকে একটি উন্নত ও স্মার্ট দেশ হিসাবে প্রতিষ্ঠিত করতে এ ধরনের উদ্যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

উল্লেখ্য, অ্যানিমেশন একটি মজাদার ও শক্তিশালী মাধ্যম, যা অবাধে কাহিনী বলার সাথে সাথে কাল্পনিক চিত্রকর্ম, স্পেশাল ইফেক্ট, আলোকায়ন, সঙ্গীত ও কণ্ঠস্বর ব্যবহার করে বিষয়বস্তুর সত্যিকারের আত্মপ্রকাশের সুযোগ সৃষ্টি করে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' অবলম্বনে আইসিটি বিভাগ কর্তৃক নির্মিত "মুজিব ভাই" মুভিটিতে উনসত্তরের গণঅভ্যুত্থান পর্যন্ত বঙ্গবন্ধুর জীবনযাত্রা, সংগ্রাম এবং দেশের মানুষের মধ্যে তাঁর প্রতি অপরিসীম ভালোবাসা এবং মর্মস্পর্শী প্রভাব তুলে ধরা হয়েছে।

অনুষ্ঠানে রাষ্ট্রপতির সহধর্মিণী অধ্যাপক ড. রেবেকা সুলতানা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক।

পরে রাষ্ট্রপতি ও অতিথিবৃন্দ মুভিটি অবলোকন করেন।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন রাষ্ট্রপতির কার্যালয় এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সম্মানিত সচিবগণ, সামরিক ও অসামরিক কর্মকর্তাবৃন্দ।